

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৪২.১১.০১৯.১৯.১৮৯৮

তারিখ: ২১ ভাদ্র ১৪২৮

০৫ সেপ্টেম্বর ২০২১

বিষয়: নাটোর জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান।

সূত্র: জেলা পরিষদ, নাটোর এর স্মারক ৪৬.০০.৬৯০০.০০১.১১.০০৩.১৯-২৫, তারিখ: ১৯ আগস্ট ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে নাটোর জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে জনবল নিয়োগের জন্য নিম্নোক্ত শর্ত প্রতিপালনের শর্তে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলো:

ক্রমিক	পদের নাম	বেতন গ্রেড	শূন্য পদ সংখ্যা
১	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	১৬ তম	১ (এক) টি
২	অফিস সহায়ক	২০ তম	৪ (চার) টি
৩	পরিচ্ছন্ন কর্মী	২০ তম	১ (এক) টি

**শর্তাবলী:**

১. পদসমূহ পূরণের ক্ষেত্রে যদি আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রিট/মামলা বিচারাধীন থাকে, কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে, তবে আদালতের নির্দেশনা যথাযথ বাস্তবায়নপূর্বক বিধি মোতাবেক শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে;
২. প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদের সংখ্যায় কোন গরমিল থাকার কারণে কোন পদে অতিরিক্ত জনবল নিয়োগ করা হলে সেক্ষেত্রে তথ্য প্রদানকারী/নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে।
৩. সাংগঠনিক কাঠামো ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম এবং সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুসরণপূর্বক প্রতি পদের বিপরীতে মঞ্জুরীকৃত পদসংখ্যার ভিত্তিতে পদ পূরণ করতে হবে। এর ব্যত্যয় ঘটিলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
৪. পদ পূরণের ক্ষেত্রে ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ৬(ছয়) মাস এবং উক্ত মেয়াদের মধ্যে নিয়োগ প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং নির্দিষ্ট সময়সীমার মধ্যে পদ পূরণে অসমর্থ হলে নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে;
৫. নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ নীতিমালা ও পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে;
৬. নিয়োগ প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন করে ১৫(পনের) দিনের মধ্যে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে;
৭. পদসমূহ পূরণ করার ক্ষেত্রে কমপক্ষে বহুল প্রচারিত ২(দুই)টি জাতীয় দৈনিক পত্রিকায় ও অফিসিয়াল ওয়েবসাইটে বিজ্ঞপ্তি জারি করতে হবে।

৬-৯-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী

উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

ইমেইল: lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৪২.১১.০১৯.১৯.১৮৯৮/১(৪)

তারিখ: ২১ ভাদ্র ১৪২৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ২) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ



৬-৯-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী  
উপসচিব